# ‘বাতিল ভোটারদের জন্য দরকারে ফের আমি কোর্টে যাব’

# হুগলি থেকে নির্বাচন কমিশন ও বিজেপিকে আক্রমণ মমতার

বনস্পতি দে

**বলাগড় ও শ্রীরামপুর:** বুধবার হুগলিতে তিনটি জায়গায় নির্বাচনী সভা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আরামবাগ, বলাগড় ও শ্রীরামপুর। এদিন ঠিক দুপুর তিনটের কাছাকাছি শ্রীরামপুরে জনসভায় আসেন তিনি। বক্তব্য রাখতে উঠে বিজেপিকে চাঁচাছোলা ভাষায় তীব্র আক্রমণ করেন। সঙ্গে এসআইআর নিয়ে নির্বাচন কমিশন ও বিজেপিকে তীব্র আক্রমণ করেন তিনি। মমতা বন্দ্যোপাধ্যায় বক্তব্য রাখার প্রথম দিকে সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়কে জিজ্ঞাসা করেন, ‘যে সমস্ত ভোটারের নাম ট্রাইবুনালে আছে সেগুলোর কত দূর অবস্থা?’ কল্যাণ তাঁকে এই নিয়ে বোঝাতে চেষ্টা করেন। তারপরই মমতা বলেন, ‘ট্রাইবুনালে যেগুলো আছে, তা সম্পূর্ণ হওয়া নিয়ে সংশয় আছে।’ এরপর তীব্র ভাষায় তিনি বলেন, ‘এসআইআর করে অনেক নম্বর দিয়েছে, তারা জানে না মেয়েদের বিয়ে হয়ে গেলে অন্যত্র চলে গেলে তাদের পদবী চেঞ্জ হয়। সেগুলো তাঁদের জানা উচিত। এইভাবে অনেক নাম বাদ দিয়েছে। কেউ কেউ বিচারককে দিয়ে যা তা করছে। থাক ওসব আর বলবো না। এসআইআরে আড়াইশো জন মারা



গিয়েছে। তাঁদের আত্মা শান্তি পাচ্ছে না। ভ্যানিশ কুমার সব ভ্যানিশ করে দিচ্ছে। আর মোটা ভাই সব বাদ দিয়ে দিচ্ছে। সব খেয়ে নিচ্ছে। সব চেটে খাচ্ছে। তাঁর আশা পূর্ণ হবে না, আবার বলে এক মাহিনা থাকবো, অসুবিধার কি আছে ৩৬৫ দিন থাকুক।’ এখানেই শেষ নয়। মমতা আরও বলেন, ‘ওরা কে, কি খাবে সেটা ঠিক করে দেবে? অন্য রাজ্যে মাছ, মাংস, ডিম নিষিদ্ধ। এরপর এখানে আসলে আপনাদের সেটাও খেতে দেবে না। এটা ভালো করে মনে রাখবেন।’ মমতা আরও বলেন, ‘বাংলা ভাষাকে ওরা সহ্য করতে পারে না। বাইরের রাজ্যে বাংলায় কথা বললেই চলে অত্যাচার। ওরা বাংলায় লক্ষ্য লক্ষ্য কেন্দ্রীয় বাহিনী আনছে। মা-বোনেদের বলি আপনারাও ঝাড়ু রেডি রাখবেন। কোন হুমকির কাছে মাথা নোয়াব না। আমি বেঁচে থাকতে বাংলার অমর্যাদা হতে দেব না।’ এরপর কেন্দ্রীয় বঞ্চনার কথা তুলে ধরে বলেন, ‘কেন্দ্র আমাদের সব সময় বঞ্চনা করে পাওনা তিন লক্ষ কোটি টাকা দেয়নি। আমাদের পয়সা দিয়ে সব প্রকল্প করেছি। এসআইআর নিয়ে যাদের নাম বাদ দিয়েছে ভ্যানিশ কুমার। দরকার হলে আপনাদের জন্য আবার আমি কোর্টে যাব। জোরের সঙ্গে বলে যাচ্ছি কিছুতেই ছাড়বো না।’


## বালুরঘাটের প্রার্থী বিদ্যুৎ রায়ের সমর্থনে ময়দানে সুকান্ত মজুমদার



**নিজস্ব প্রতিবেদন, বালুরঘাট:** ২০২৬ সালের বিধানসভা নির্বাচনকে সামনে রেখে বালুরঘাট বিধানসভা কেন্দ্রে কোমর বেঁধে প্রচারে নেমেছে ভারতীয় জনতা পার্টি। বুধবার সকালে বালুরঘাটের ব্যস্ততম বড়বাজার এলাকায় দলীয় প্রার্থী বিদ্যুৎ কুমার রায়ের সমর্থনে এক বর্ণাঢ্য প্রচার কর্মসূচিতে অংশ নেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী তথা বালুরঘাটের সাংসদ ডঃ সুকান্ত মজুমদার। এদিন সকাল থেকেই দলীয় কর্মী-সমর্থকদের নিয়ে এলাকার অলিগলি এবং জনবহুল বাজার এলাকায় ঘরে ঘরে পৌঁছান নেতৃত্ব। প্রচার চলাকালীন স্থানীয় বাসিন্দাদের সঙ্গে সরাসরি কথা বলেন ডঃ সুকান্ত মজুমদার। এলাকার সার্বিক উন্নয়ন, স্বচ্ছ প্রশাসন এবং কর্মসংস্থানের প্রতিশ্রুতিই ছিল এই প্রচারের মূল কেন্দ্রবিন্দু। পেশায় আইনজীবী ও সমাজকর্মী বিদ্যুৎ কুমার রায়কে একজন স্বচ্ছ ভাবমূর্তির প্রার্থী হিসেবে তুলে ধরছে গেরুয়া শিবির। দলের স্থানীয় নেতৃত্বের দাবি, বিদ্যুৎবাবুর পেশাদার অভিজ্ঞতা এবং সাধারণ মানুষের সাথে তাঁর নিবিড় যোগাযোগ নির্বাচনে বাড়তি সুবিধা দেবে।

## আজ হাড়োয়ায় জনসভা মমতার

**নিজস্ব প্রতিবেদন, হাড়োয়া:** বিধানসভা নির্বাচনে হাড়োয়া বিধানসভার তৃণমূল প্রার্থী মুফতি আব্দুল মাতিন ও মিনাখাঁ বিধানসভার তৃণমূল প্রার্থী ঊষারানি মণ্ডলের সমর্থনে বৃহস্পতিবার প্রকাশ্য নির্বাচনী জনসভা করবেন তৃণমূলনেত্রী



মমতা বন্দ্যোপাধ্যায়। হাড়োয়া সার্কাস ময়দানে দুপুর ১১টা নাগাদ তিনি সভা করবেন। জনসভার প্রস্তুতি চলছে জোরকদমে। বুধবার এই বিশেষ প্রস্তুতি শিবিরে উপস্থিত ছিলেন বসিরহাট সাংগঠনিক জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি বুরহানুল মোকাদ্দিম ওরফে লিটন, প্রার্থী মুফতি আব্দুল মাতিন, ঊষারানি মণ্ডল, এছাড়াও ছিলেন শফিক আহমেদ, আব্দুল খালেক মোল্লা, মৃত্যুঞ্জয় মণ্ডল, ফরিদ জমাদার-সহ তৃণমূলের একাধিক নেতা কর্মীরা।

## বিজেপি প্রার্থীর দাদাগিরি!

# বাড়ি মালিকদের অনুমতি ছাড়াই দেওয়ালে পোস্টার

## অভিযোগ পেয়ে খুলল কমিশন

**নিজস্ব প্রতিবেদন, কাঁকসা:** গত কয়েকদিন আগে কাঁকসার বাঁশকোপা গ্রামে প্রচারে আসে দুর্গাপুর পূর্বের বিজেপি প্রার্থী চন্দ্রশেখর বন্দ্যোপাধ্যায়। রাজ্যের বিদায়ী পঞ্চায়েত মন্ত্রী তথা তৃণমূল প্রার্থী প্রদীপ মজুমদারের প্রতিপক্ষ এবার। বিজেপি প্রার্থীর বিরুদ্ধে অভিযোগ উঠেছে, তিনি নাকি গ্রামবাসীদের কাছে অনুমতি না নিয়েই তাঁদের বাড়ির দেওয়ালে প্রচারের ব্যানার পোস্টার লাগিয়ে দিয়ে চলে যান। গোটা বাঁশকোপা গ্রাম জুড়ে বিজেপি, তৃণমূলের পোস্টার ও ব্যানারে ছয়লাপ হয়ে যায়। মঙ্গলবার রাতে গ্রামবাসীরা নির্বাচন কমিশন ও কাঁকসার বিডিও-র কাছে লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগের ভিত্তিতে বুধবার দুপুরে গ্রামে পৌঁছায় নির্বাচন কমিশনের আধিকারিকরা ও কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা ও কাঁকসা থানার পুলিশ। কমিশনের আধিকারিকরা যে সমস্ত বাড়ির মালিকদের অনুমতি ছিল না তাঁদের ভিডিও বয়ান রেকর্ড করে বাড়ির দেওয়াল থেকে ব্যানার, পোস্টার ও দলীয় পতাকা খুলে নিয়ে যায়। কারোর অভিযোগ, তিনি বাড়ি ছিলেন না। সেই সময় এই সমস্ত পোস্টের লাগানো হয়েছে। বাড়ি ফিরে তিনি পোস্টার লাগানো দেখতে পান। কারোর আবার অভিযোগ যেখানে ভোট গ্রহণ কেন্দ্র হয়, তার কাছেই নিয়ম না মেনে বিজেপি কর্মীরা পোস্টার লাগিয়ে চলে যায়। গ্রামবাসীদের অভিযোগ, যিনি বিজেপির প্রার্থী হয়েছেন। তাঁকে তাঁরা কোনওদিনও দেখেননি গ্রামে। হঠাৎ করে একদিন প্রচার করতে এসে এই কাণ্ড ঘটিয়ে গেছে। এই ঘটনায় বিজেপির ওপর রীতিমতো ক্ষুব্ধ ওই গ্রামের মানুষ। তাঁরা জানিয়েছেন, গ্রাম জুড়ে একটা শান্তির পরিবেশ রয়েছে। এই কারণে গ্রামে শান্তির পরিবেশ নষ্ট হচ্ছে। গোপালপুর গ্রাম পঞ্চায়েতের সদস্য তথা তৃণমূল নেতা পান্না ঘোষ জানিয়েছেন,‘রামনবমীর মিছিলকে কেন্দ্র করে গ্রামে প্রদীপ মজুমদারের সমর্থনে লাগানো ব্যানার পোস্টার ছিঁড়ে দেওয়া হয়েছিল। তারা এই বিষয়ে কিছুই বলেননি। সেটা বলতে গিয়ে উল্টে তাঁদের উপরই দোষ চাপাচ্ছে বিজেপি। গ্রামের মানুষ প্রদীপ মজুমদারকে ভালোবাসেন। সুযোগ পেলেই গ্রামে আসেন সেটা ধর্মীয় অনুষ্ঠান হোক বা খেলাধুলো। প্রদীপ মজুমদারকে নিয়ে বিজেপি প্রার্থী যেভাবে কুৎসিত ভাষায় আক্রমণ করেছেন, সেটা তৃণমূল কর্মীদের পাশাপাশি গ্রামের মানুষও মেনে নেননি। তাই গ্রামবাসীদের অভিযোগের ভিত্তিতে কমিশনের অধিকরিকরা গ্রামে ঢুকে নিয়ম না মেনে লাগানো সমস্ত ফ্ল্যাগ ফেস্টুন খুলে নিয়ে যায়।’

যদিও এই বিষয়ে বিজেপির জেলা মুখপাত্র সুমন্ত মণ্ডল দাবি করেছেন, ‘বিজেপির পক্ষ থেকে বিভিন্ন এলাকায় দেওয়াল লিখন ও পোস্টার লাগানোর কাজ করা হচ্ছে। সাধারণ মানুষ সেটাকে স্বাগত জানাচ্ছে,সমর্থন জানাচ্ছে। কিন্তু তৃণমূল কর্মীরা সাধারণ মানুষকে ভয় দেখিয়ে,ভয়ের বাতাবরণ তৈরি করে বিজেপির বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করা করাচ্ছে। নির্বাচনের পর আর কোথাও এই ভয়ের বাতাবরণ থাকবে না। মানুষ বিজেপিকে ভোট দেবে এবং বাংলায় বিজেপি ক্ষমতায় আসছে।’

## মুখ্যমন্ত্রীর সভায় শ্রীরামপুরে দর্শক আসনে আগুন ঘিরে চাঞ্চল্য

**নিজস্ব প্রতিবেদন, হুগলি:** শ্রীরামপুরের জনসভায় শট সার্কিট হয়ে বিপত্তি। বুধবার সকালে মনোনয়ন পত্র জমা দেওয়ার পরেই হুগলিতে নির্বাচনী প্রচার সভায় হাজির হন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সভায় বক্তব্য রাখার সময়ে দর্শক আসনের একটি জায়গায় হঠাৎই আগুনের ফুলকি বের হতে দেখা যায়। সঙ্গে সঙ্গে দর্শকদের মধ্যে তীব্র চাঞ্চল্য ছড়ায়। ঘটনাস্থলে হাজির হন পুলিশের উচ্চপদস্থ কর্তারা। মঞ্চে তখন বক্তব্য রাখছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি সঙ্গে সঙ্গে বক্তব্য থামিয়ে দেন।

সঙ্গে সঙ্গে ওই জায়গাটা ঘিরে ফেলে পুলিশ। তবে মঞ্চ থেকেই বিষয়টি নিয়ে তীব্র বিরক্তি প্রকাশ করেন মুখ্যমন্ত্রী। বক্তব্য থামিয়ে দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, ‘কারও একজনের পায়ে লেগেছে মনে হচ্ছে। এসব মিটিংয়ে কেয়ার নেওয়া হয় না কেন? সিকিউরিটি দেখার লোক নেই। ইলেকট্রিসিটি ভালো নয়। যে করেছে তার উদ্দেশ্য ভালো নয়।’ বেশ কিছুক্ষণ পরে নতুন করে বক্তব্য শুরু করেন মমতা। জানা গিয়েছে, মূল মঞ্চের সামনে দর্শকদের বসার জন্য জায়গাটি তৈরি করা হয়েছিল, সেখানেই একটি পোস্টের দু’টি তারের মধ্যে সংঘর্ষের জন্য আগুনের ফুলকি বেরোয়। একটি খোলা বক্স থেকে শর্ট সার্কিট হয় বলেই প্রাথমিক অনুমান বলে দাবি পুলিশের।


### NOTICE

**Schedule of upcoming Investor Awareness Program(s) (IAP)**

Axis Mutual Fund conducts various IAP with a view to educate and create awareness amongst the investors about the Mutual Funds.

In this regard, please see below details of upcoming IAP:

| Date of Event | Mode of Participation (Physical / Online) | Time From | Time To | Address / Link for joining webinar |
|---|---|---|---|---|
| 12-04-2026 | Physical | 12:00 PM | 2.30 PM | The Royal Inn Hotel and Banquet, Balurghat City Center,Boro Raghunath,Balurghat,Dakshin Dinajpur,Pin-733103 |

For any queries/ clarifications please contact : Chiranjib Chatterjee - 9832494245

**Mutual Fund investments are subject to market risks, read all scheme related documents carefully.**

AXIS MUTUAL FUND

One Lodha Place, 22nd & 23rd Floor, Senapati Bapat Marg, Lower Parel, Mumbai, Maharashtra, Pin Code - 400 013, India.

**TEL :** (022) 6649 6100, **EMAIL :** customerservice@axismf.com, **WEBSITE :** www.axismf.com.


## পশ্চিম মেদিনীপুরে জমজমাট প্রচার





**নিজস্ব প্রতিবেদন, পশ্চিম মেদিনীপুর:** পশ্চিম মেদিনীপুরে জমে উঠেছে ভোট প্রচার। তৃণমূল ও বিজেপি প্রার্থীরা কেউই পিছিয়ে নেই। বুধবার ১৫ নং কুশবসান অঞ্চলের গনুয়া কালী মায়ের মন্দিরে পুজো দিয়ে জনসংযোগে অংশ নেন নারায়ণগড়ের তৃণমূল প্রার্থী প্রতিভা মাইতি। স্থানীয় বাসিন্দাদের সঙ্গে সরাসরি কথা বলে তাঁদের অভাব-অভিযোগ শোনেন তিনি। ‘যে লড়ছে সবার ডাকে, সেই বাঁচাবে বাংলা মাকে’ এই স্লোগান সামনে রেখে সমগ্র পশ্চিম মেদিনীপুর জেলাকে উন্নয়নের নিরিখে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে কাজ করার অঙ্গীকার করেন প্রতিভাদেবী। নারায়ণগড়ের মানুষের পাশে থেকে আরও বেশি করে সেবা করার প্রতিশ্রুতিও দেন। তৃণমূল কংগ্রেসের তরফে ‘কাজের মানুষ, কাছের মানুষ’ হিসেবেই তুলে ধরা হচ্ছে প্রতিভা মাইতিকে। খড়্গপুর গ্রামীণ বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী তপন ভূঁইয়াও পদযাত্রা ও জনসংযোগে জোর দিয়েছেন। বুধবার সকালে দলীয় কর্মীদের সঙ্গে নিয়ে স্থানীয় রাম মন্দিরে পুজো দিয়ে শিরোমণি গ্রাম পঞ্চায়েত এলাকার বিভিন্ন গ্রামে বর্ণাঢ্য শোভাযাত্রার মাধ্যমে প্রচার শুরু করেন। শিরোমণি দক্ষিণ পাড়া থেকে ধর্মপুর পর্যন্ত প্রায় ৭ কিলোমিটার পদযাত্রায় যোগ দেন। পদযাত্রা চলাকালীন এলাকায় সাধারণ মানুষের সঙ্গে কথা বলেন। জানতে চান তাদের অভাব অভিযোগের কথা। বিজেপির পক্ষে ভোট দেওয়ার আহ্বানও জানান।

তপন ভূঁইয়া বলেন, ‘রাজ্যের মানুষ পরিবর্তনের পক্ষে মনস্থির করে ফেলেছেন। এবারে বাংলায় বিজেপি সরকার গঠন করবে।’ তিনি তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি সহ একাধিক ক্ষেত্রে দুর্নীতির অভিযোগ তোলেন। সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নয়নের অভাব, আবাস যোজনায় অনিয়ম এবং বেকার যুবকদের কর্মসংস্থানের সংকটের বিষয়ও তুলে ধরে বলেন, ‘আমরা এসব দুর্নীতি ও অনিয়ম মানুষের সামনে তুলে ধরছি। শেষ পর্যন্ত মানুষই এর বিচার করবে।’

অন্যদিকে, এদিন খড়্গপুর শহরে শোভাযাত্রা সহকারে প্রচার করেন খড়্গপুর সদরের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষও। সকালে দলীয় কর্মীদের সঙ্গে নিয়ে খড়্গপুর শহরের ৮ নং ওয়ার্ডে বর্ণাঢ্য শোভাযাত্রার মাধ্যমে নির্বাচনী প্রচার চালান। শোভাযাত্রা খরিদা বাজার থেকে মন্দিরতলা পর্যন্ত যায়।

এ সময় তিনি এলাকার বাসিন্দাদের সঙ্গে সংযোগ স্থাপন করে তাঁদের মতামত শোনেন। বুধবার সবং বিধানসভা এলাকায় জোরকদমে প্রচার চালিয়েছেন তৃণমূল প্রার্থী মানস ভূঁইয়া। বিষ্ণুপুর ১৩ নম্বর অঞ্চলের দাসপুর বুথে এদিন তিনি মিছিল ও জনসংযোগ কর্মসূচিতে যোগ দেন। জনসংযোগের সময় তিনি সাধারণ মানুষের ভিড়ে মিশে যান।


**ফর্ম নং ইউআরসি-২**
**অধ্যায় ২১ এর অংশ ১ অধীনে নথিভুক্তি সম্পর্কিত নোটিশ এর বিজ্ঞাপন**
(২০১৩ সালের কোম্পানি আইনের ধারা ৩৭৪(বি) এবং ২০১৪ সালের কোম্পানি (অথরাইজড টু রেজিস্টার) রুলসের রুল ৪(১) অনুযায়ী)

১. এতদ্বারা জানানো যাচ্ছে যে, কোম্পানি আইন, ২০১৩-এর ধারা ৩৬৬-এর উপধারা (২) অনুসারে, এতদ্বারা পনেরো দিন পর কিন্তু অতঃপর ত্রিশ দিন অতিক্রান্ত হওয়ার পূর্বে নিবন্ধকের কাছে একটি আবেদন করার প্রস্তাব করা হচ্ছে যে, **‘ট্রিডেন্ট এক্সপোর্ট কর্পোরেশন’**, একটি অংশীদারী প্রতিষ্ঠান, কোম্পানি আইন, ২০১৩-এর একবিংশ অধ্যায়ের প্রথম ভাগের অধীনে শেয়ার দ্বারা সীমিত একটি কোম্পানি হিসাবে নিবন্ধিত হতে পারে।

২. কোম্পানির প্রধান উদ্দেশ্যসমূহ নিম্নরূপ :
ক) ম্যানুফ্যাকচারার, প্রোডিউসার, ফ্যাব্রিকেটর, হিসেবে ব্যবসা পরিচালনা এবং সকল প্রকারের কাস্ট আয়রন প্রোডাক্টস, কাস্ট আয়রন মেশিনারিসহ এবং সীমিত নয় সরঞ্জাম, টুলস, কম্পোনেন্টস, পার্টস, এবং পণ্য ক্ষেত্রে।
খ) ডিজাইন, ডেভেলপমেন্ট, রিসার্চ, প্রসেসিং, কাস্টিং, মেশিন , অ্যাসেম্বলিং, টেস্টিং, কোয়ালিটি কন্ট্রোল, প্যাকেজিং, মার্কেটিং, ডিস্ট্রিবিউশন, এবং সংশ্লিষ্ট কাস্ট আয়রন পণ্য রফতানি।
গ) ক্রয়, আমদানি, রফতানি, বিক্রয় এবং লেনদেন কাঁচামাল, আধা তৈরি পণ্য, এবং পণ্য কাস্ট আয়রণ দ্রব্যাদি সরাসরি বা এজেন্ট, ডিস্ট্রিবিউটর, হোলসেলার, বা বিটেলার এর মাধ্যমে ভারতে এবং বিদেশে এবং সংশ্লিষ্ট সকল প্রয়োজনীয়, তাৎক্ষণিক বা প্রচ্ছন্ন সংশ্লিষ্ট বিষয়ে কাজ করা।

৩. প্রস্তাবিত কোম্পানির খসড়া স্মারকলিপি এবং সংঘবিধির একটি অনুলিপি অফিস, রুম নং ৪১২ ৭/১ লর্ড সিনহা রোড, লর্ডস বিল্ডিং, কলকাতা-৭০০০৭১-এ, কার্যদিবসে সকাল ১০.০০টা থেকে দুপুর ২.০০টার মধ্যে পরিদর্শন করা যাবে।

৪. এতদ্বারা জানানো যাচ্ছে যে, এই আবেদনের বিষয়ে কোনো ব্যক্তি আপত্তি জানালে, তিনি এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ২১ (একুশ) দিনের মধ্যে সেন্ট্রাল রেজিস্ট্রেশন সেন্টার (সিআরসি), ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (আইআইসিএ), প্লট নং ৬, ৭, ৮, সেক্টর ৫, আইএমটি মানেসর, জেলা গুড়গাঁও (হরিয়ানা), পিন কোড ১২২০৫০-এ অবস্থিত রেজিস্ট্রারের কাছে লিখিতভাবে তাঁর আপত্তি জানাতে পারবেন এবং এর একটি অনুলিপি কোম্পানির নিবন্ধিত অফিসেও পাঠাতে পারবেন।

**ট্রিডেন্ট এক্সপোর্ট কর্পোরেশন এর পক্ষে**
**স্বা/- অনুপ কুমার রায়**
**(ট্রিডেন্ট আয়রন অ্যান্ড স্টিল প্রাইভেট লিমিটেড-এর অনুমোদিত প্রতিনিধি)**
স্থান : কলকাতা **(অংশীদার)**
তারিখ : ০৯-০৪-২০২৬



**বাটা প্রপার্টিজ লিমিটেড**
CIN: U70101WB1987PLC042839
রেজিস্টার্ড অফিস : ৬এ, এস এন ব্যানার্জি রোড, কলকাতা : ৭০০০১৩
ফোন : ০৩৩ ২২৮৯ ৫৭৯৬
ফ্যাক্স : ০৩৩ ২২৮৯৫৭৪৮
ই-মেল : share.dept@bata.com

বাটা প্রপার্টিজ লিমিটেডের সদস্যদের এতদ্বারা জানানো যাচ্ছে যে, তাঁরা যেন উপরে উল্লিখিত ঠিকানায় একটি স্বাক্ষরিত অনুরোধপত্র পাঠিয়ে তাঁদের ইমেল ঠিকানা নিবন্ধন করেন বা তাতে কোনো পরিবর্তন আনেন। ডিম্যাট মোডে শেয়ার ধারণকারী সদস্যরা যেন সরাসরি তাঁদের ডিপোজিটরি পার্টিসিপেন্টের কাছে ইমেল ঠিকানা হালনাগাদ করেন।

**বাটা প্রপার্টিজ লিমিটেড**’এর পক্ষে
স্বা/-
**নীতীন বাগারিয়া**
স্থান: গুরুগ্রাম ডিরেক্টর
তারিখ : ০৮.০৪.২০২৬ ডিন : ০২৪৫৯৭৮৮



**ওয়ে ফাইন্ডার্স ব্র্যান্ডস লিমিটেড**
CIN: U19100WB2014PLC204637
রেজিস্টার্ড অফিস : ২০৪, রাসবিহারী এভিনিউ, কলকাতা : ৭০০০২৯
ফোন : ০৩৩ ২২৮৯ ৫৭৯৬
ফ্যাক্স : (০৩৩) ২২৮৯৫৭৪৮
ই-মেল : share.dept@bata.com

ওয়ে ফাইন্ডার্স ব্র্যান্ডস লিমিটেড-এর সদস্যদের এতদ্বারা জানানো যাচ্ছে যে, তাঁরা যেন উপরে উল্লিখিত ঠিকানায় একটি স্বাক্ষরিত অনুরোধপত্র পাঠিয়ে তাঁদের ইমেল ঠিকানা নিবন্ধন করেন বা তাতে কোনো পরিবর্তন আনেন। যেসব সদস্যের ডিম্যাট মোডে শেয়ার রয়েছে, তাঁদের সরাসরি তাঁদের ডিপোজিটরি পার্টিসিপেন্টের কাছে ইমেল ঠিকানা হালনাগাদ করতে হবে।

**ওয়ে ফাইন্ডার্স ব্র্যান্ডস লিমিটেড**’এর পক্ষে
স্বা/-
**নীতীন বাগারিয়া**
স্থান: গুরুগ্রাম ডিরেক্টর
তারিখ : ০৮.০৪.২০২৬ ডিন : ০২৪৫৯৭৮৮



**এনপিআর ফিনান্স লিমিটেড**
৭ম তল, ইউনিট নং ৬১১, Adventz Infinity@5, স্ট্রিট নং ১৮, বিএন-ব্লক, সেক্টর -৫, বিধাননগর, কলকাতা- ৭০০০৯১,
CIN-L65921WB1989PLC047091
ই-মেল -npr1@nprfinance.com ওয়েবসাইট : www.nprfinance.com
ফোন নং - ০৩৩ ৪৮৪৯ ৬৪৯০

**শেয়ারহোল্ডারগণের প্রতি নোটিশ**
**ফিজিক্যাল শেয়ার এর ডিমেটেরিয়ালাইজেশন এবং স্থানান্তর জন্য বিশেষ ব্যবস্থা**

সেবি উল্লেখ্য সার্কুলার নং এইচও/৩৮/১৩/১১(২)২০২৬-এমআইআরএসডি-পিওডি/আই/৩৭৫০/২০২৬ তারিখ ৩০/০১/২০২৬, অনুযায়ী ০১.০৪.২০১৯ এর পূর্বে ফিজিক্যাল শেয়ারসমূহ বিক্রয়/ক্রয় করা স্থানান্তর এবং ডিমেটেরিয়ালাইজেশন (ডিমাট) এর জন্য বিশেষ ব্যবস্থার বিজ্ঞপ্তি ঘোষণা করেছে।
এই বিশেষ ব্যবস্থা স্থানান্তরের অনুরোধ এর জন্য দাখিল করাগুলি বাতিল/ফেরত/ব্যবস্থিত না হওয়া নথি/প্রক্রিয়া/বা অন্য কোনও খামতির কারণে সেগুলির জন্যও সুবিধা পাওয়া যাবে। যে সকল শেয়ারসমূহ স্থানান্তরিত হবে সেগুলি আবশ্যিকভাবে অধিগ্রহণকারীর নামে ডিমাট আকারে দাখিল করা হবে এবং সেগুলি ১ (এক) বছরের জন্য স্থানান্তর নথিভুক্তির তারিখ থেকে লক ইন মেয়াদে থাকবে। সংশ্লিষ্ট শেয়ারগুলি সংশ্লিষ্ট লক ইন মেয়াদের সময়ে স্থানান্তর/লিয়েন-মার্কড/ প্লেজ করা যাবে না।
বিশেষ ব্যবস্থা ০৫.০২.২০২৬ থেকে ০৪.০২.২০২৭ পর্যন্ত এক বছরের মেয়াদে কার্যকর থাকবে।
উপযুক্ত শেয়ারহোল্ডারগণ অনুগ্রহ করে তাদের স্থানান্তর অনুরোধ প্রয়োজনীয় নথি সহ কোম্পানির আরটিএ-মেসার্স নিচ টেকনোলজিস প্রাইভেট লিমিটেড, ৩এ, অকল্যান্ড প্লেস, ৮মতল, রুম নং ৭এ এবং ৭বি, কলকাতা ৭০০০১৭ (যোগাযোগ নং (০৩৩) ২২৮০ ৬৬১৬/১৭/১৮, ই-মেল : nichetechpl@nichetechpl.com, ওয়েবসাইট : www.nichetechpl.com) বা কোম্পানির investors@nprfinance.com আরও সহায়তার জন্য উল্লিখিত সময়ের মধ্যে যোগাযোগ করতে।
উল্লিখিত সেবি সার্কুলার এর বিস্তারিত জানতে কোম্পানির ওয়েবসাইট (www.nprfinance.com) দেখুন।

এনপিআর ফিনান্স লি এর পক্ষে
ঋতিকা বর্মা
কোম্পানি সেক্রেটারি
মেম্বারশিপ নং এফ ১০২৯১
স্থান : কলকাতা
তারিখ : ০৮.০৪.২০২৬



punjab national bank Together for the better

**এআরএমবি, মুম্বই সিটি**
ইউ.বি.আই টাওয়ার, ৭ম তল, ২৫, স্যার পি এম রোড
ফোর্ট, মুম্বই - ৪০০ ০০১
ইমেল : **cs6041@pnb.bank.in**

**সারফেসি আইন অধীনে জামিনদত্ত সম্পদ বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**

**জামিনদত্ত সম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় নোটিশ ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন এবং তৎসহ পঠিত ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮(৬) সংস্থান অধীনে**

এতদ্বারা সাধারণকে সাধারণভাবে এবং ঋণগ্রহীতাগণ এবং জামিনদাতাগণকে বিশেষভাবে জামিন অধীনে ঋণদাতার নিকট বন্ধক/দায়বদ্ধ স্থাবর সম্পত্তি কার্যকরভাবে/স্বত্ব দখল/ প্রতীকী দখল নিয়েছেন জামিন অধীনে ঋণদাতা ব্যাঙ্কের অনুমোদিত অফিসার এবং তা ‘যেখানে যা আছে’, ‘যেখানে যেমন আছে’ এবং ‘যে অবস্থায় আছে’ ভিত্তিতে উল্লিখিত তারিখে নিম্নোক্ত মতে ব্যাঙ্ক/জামিন অধীনে ঋণদাতার নিকট বকেয়া সমুদয় সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ এবং জামিনদাতাগণের কাছ থেকে আদায়ের জন্য বিক্রি করা হবে। সংরক্ষিত মূল্য এবং বায়না জমা নিম্নোক্ত টেবিলে উল্লিখিত হবে সংশ্লিষ্ট সম্পত্তির অধীন অনুযায়ী।

**জামিন অধীনে সম্পদের সিডিউল**

| ক্রম নং | ঋণগ্রহীতা (ফার্ম/ কোং) সহ-ঋণগ্রহীতা/ স্বত্বাধিকারী/ অংশীদারগণ/ ডিরেক্টরগণ/ জামিনদাতাগণ/বন্ধকদাতাগণের নাম | বন্ধকদত্ত স্থাবর সম্পত্তির বিস্তারিত/মালিকের নাম [সম্পত্তি(সমূহ) এর বন্ধকদাতা] | ক) ২০০২ সালের সারফেসি আইনের ১৩(২) ধারা অধীনে দাবি নোটিশের তারিখ খ) ১৩(২) অধীনে ০বকেয়া পরিমাণ, সুদ এবং চার্জ সহ গ) ২০০২ সালের সারফেসি আইনের ১৩(৪) ধারা অধীনে দখলের তারিখ ঘ) দখলের প্রকৃতি প্রতীকী/স্বত্ব/কার্যকরী | ক) সংরক্ষিত মূল্য খ) ইএমডি (ইএমডি জমা দেবার শেষ তারিখ) গ) ডাক বর্ধিতকরণ পরিমাণ | ই-নিলামের তারিখ এবং সময় | জামিনদত্ত বিনিয়োগকারীগণের জ্ঞানমতে দায়বদ্ধতার বিস্তারিত |
|---|---|---|---|---|---|---|
| ১. | পিএনবিএআরএমবি মুম্বই সিটি, শ্রী রাজেশ চক্রবর্তী, ঠিকানা : ১১০১, অরুন্ধতী সিএইচএসএল, প্লট নং ৩৫, সিটিএস ৩৬৬/২১, স্বস্তিক পার্ক, চেম্বুর, মুম্বই- ৪০০০৭১, ঠিকানা : ২য়তল, মেট্রোপলিটান হাউসিং সোসাইটি লি., ক্যানাল সাউথ রোড,সেক্টর বি, মৌজা- ধাপা, প্লট নং এ/পি, ১৪৭/বি, জেএল নং ২, তৌজি নং ১৭৩, কলকাতা পৌর সংস্থা অদীন জেলা : দক্ষিণ ২৪ পরগনা, থানা যাদবপুর, বর্তমানে তিলজলা, পশ্চিমবঙ্গ-৭০০১০৫ | আইপি - ২য়তল, মেট্রোপলিটান হাউসিং সোসাইটি লি., ক্যানাল সাউথ রোড, সেক্টর বি, মৌজা : ধাপা, প্লট নং এ/পি, ১৪৭/বি, জেএল নং ২, তৌজি নং ১৭৩, কলকাতা পৌর সংস্থা অধীন, জেলা দক্ষিণ ২৪ পরগনা, থানা : যাদবপুর, বর্তমানে তিলজলা, পশ্চিমবঙ্গ - ৭০০১০৫। (বসবাসের ফ্ল্যাট অবস্থিত সমুদয় ২য় তলা, পরিমাপ ১৩২০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া এবং তৎসহ ঢাকা ব্যালকনি পরিমাপ ৫৩ বর্গফুট এবং একটি ঢাকা কার পার্কিং স্পেস একতলায় পরিমাপ ১৩৫ বর্গফুট জি-২ তলা বসবাসের অ্যাপার্টমেন্টে)। | ক) ০১.০৭.২০২৫ খ) ৮৯,৪৪,২২৪.৪৫ টাকা ৩১.১০.২০২৫ অনুযায়ী এবং সুদ এবং অন্যান্য শুল্ক গ) ২১.১১.২০২৫ ঘ) প্রতীকী | ক) ১,০১,২৯,০০০ টাকা, খ) ১০,১২,৯০০ টাকা (২৮.০৪.২০২৬ (বেলা ১১ টা) পর্যন্ত) গ) ২৫,০০০ টাকা | ২৮.০৪.২০২৬, সকাল ১১ টা থেকে বিকেল ০৪ টা পর্যন্ত। | জ্ঞাত নয় |

**নিয়ম এবং শর্তাদি**

১. বিক্রয়টি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এ নির্ধারিত শর্তাবলী এবং নিম্নলিখিত আরও শর্তাবলী সাপেক্ষে হবে।
২. সম্পত্তিগুলি “যেখানে যেমন আছে”, “যেখানে যা আছে” এবং “কোনও পরিবর্ত ভিত্তি ব্যতীতী” বিক্রি করা হবে।
৩. উপরে তফসিলে উল্লেখিত সুরক্ষিত সম্পদের বিবরণ অনুমোদিত কর্মকর্তার সর্বোচ্চ তথ্য অনুসারে বলা হয়েছে, তবে অনুমোদিত কর্মকর্তা এই ঘোষণায় কোনও ত্রুটি, ভুল বিবৃতি বা বাদ পড়ার জন্য দায়ী থাকবেন না।
৪. বিক্রয়টি https://baanknet.com ওয়েবসাইটে প্রদত্ত ই-নিলাম প্ল্যাটফর্মের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারী দ্বারা করা হবে।
৫. বিক্রয়ের বিস্তারিত শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে www.baanknet.com এবং www.pnbindia.in দেখুন।
৬. যোগাযোগকারী ব্যক্তি শ্রী সুশীল কুমার - ৮৪২০১৯৪৬৭৪, রিজভান আলী - ৭৭৬৮৯৪১২৫৬
৭. কলকাতায় আমাদের সহায়ক সংস্থা “নির্ঝর অ্যান্ড অ্যাসোসিয়েটস” মোবাইল নম্বর ৯৮৩১৬৮৪৪৪৪
৮. উপরোক্ত যেকোনো আইপি’র জন্য দরদাতা দরপত্র জমা দিতে নির্ধারিত রিজার্ভ মূল্যের অতিরিক্ত ন্যূনতম বর্ধিত পরিমাণ যোগ করতে পারবেন।
দ্রষ্টব্য : কেন্দ্রীয় সরকার/রাজ্য সরকার/যেকোনো আইপি’র যেকোনো আইনগত পাওনা আইপি’র ক্রেতা কর্তৃক পরিশোধ করা হবে, ব্যাংক কোনো প্রকার পাওনা বহন করবে না। অতীত/বর্তমান/ভবিষ্যৎ।

**২০০২ সালের সারফেসি আইনের রুল ৮(৬) অধীনে ১৫ দিনের বিধিবদ্ধ বিক্রয় নোটিশ**

**তারিখ : ০৯.০৪.২০২৬**
**স্থান : পশ্চিমবঙ্গ**
স্বা/-
অনুমোদিত অফিসার
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক



**ANNEXURE 47**
**FORMATS C-1 TO C-8 and CA**
**Format C-1**
(for candidate to publish in Newspapers, TV)
**Declaration about criminal cases**

(As per the judgment dated 25 September, 2018, of Hon'ble Supreme Court in WP (Civil) No. 336 of 2011 (Public Interest Foundation & Ors. Vs. Union of Indian & Anr.)

Name and address of candidate: **BARNALI DAS, DASGHARA BAZAR PARA, SREEKRISHNAPUR, P.O.- DASGHARA, P.S.- DHANIAKHALI, DIST.- HOOGHLY, WEST BENGAL, PIN- 712402**

Name of political party: **BHARATIYA JANATA PARTY**.
(Independent candidates should write "Independent" here)
Name of Election: **W.B.L.A GENERAL ELECTION 2026,**
*Name of Constituency:**197 DHANEKHALI (S.C.) CONSTITUENCY.**

I **BARNALI DAS,** (name of candidate), a candidate for the abovementioned election, declare for public information the following details about my criminal antecedents:

(A) Pending criminal cases

| Sl. No. | Name of Court | Case No. and dated | Status of case(s) | Section(s) of Acts concerned and brief description of offence(s) |
|---|---|---|---|---|
| NIL | NIL | NIL | NIL | NIL |

B) Details about cases of conviction for criminal offences

| Sl. No. | Name of Court & date(s) of order(s) | Description of offence(s) & punishment imposed | Maximum Punishment Imposed |
|---|---|---|---|
| NIL | NIL | NIL | NIL |
| NIL | NIL | NIL | NIL |

*In the case of election to Council of States or election to Legislative Council by MLAs, mention the election concerned in place of name of constituency.

Note
1. The particulars regarding criminal cases pending against the candidate shall be in bold letters.
2. The matter in newspapers shall be published in font size of at least 12.
3. Details should be given separately for each case in separate rows.
4. If a candidate is contesting an election on the ticket of a particular party, he/she is required to inform the party about the criminal cases pending against him/her.
5. The candidate shall report about publishing of declaration regarding criminal cases immediately after such publication to the Returning Officer. In addition, he shall submit a report about publishing of the declaration regarding cases in Format C-4 along with the account of election expenses within 30 days of declaration of result of election. (a) In case of elections to the Lok Sabha and the Legislative Assemblies, this shall be submitted to District Election Officer concerned, (b) In case of elections to the Rajya Sabha and the State Legislative Council, this shall be submitted to the Returning officer concerned.
**This may be published in Newspapers and TV from the day following the last date for withdrawal of candidature and up to two days before the date of poll.**